# বাংলাদেশ নির্বাচন কমিশন

**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৩৬

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র-৪

বিষয়ঃ **ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ উপলক্ষ্যে বিশেষ নির্দেশনা।**

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি,২০১৯-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২৩ এপ্রিল ২০১৯** হতে পরবর্তী **৩ (তিন) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ** ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে সম্পন্ন করা হবে। লক্ষ্যণীয় বিষয় হলোঃ তথ্য সংগ্রহের পর্যায়ে ০৪(চার) বৎসরের তথ্য সংগ্রহ করা হবে। এ কর্মসূচিতে প্রথমবারের মত হিজড়া জনগোষ্ঠীদের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে পারবেন। এ কর্মসূচির বিশেষ করণীয় নির্দেশনাসমূহ নিম্নরূপঃ

১। **২০০১, ২০০২, ২০০৩, ও ২০০৪ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের** এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের তথ্য নিবন্ধনের জন্য বাড়ি বাড়ি গিয়ে সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তরের তথ্যও সংগ্রহ করা;

২। তথ্যসংগ্রহ কালে কোন ব্যক্তির তথ্য ফরম পূরণের পূর্বে তিনি ইতোপূর্বে ভোটার হয়েছেন কি-না তা অবশ্যই নিশ্চিত করা;

৩। বাদ পড়া ভোটারদের ক্ষেত্রে বাদ পড়ার কারণ যাচাইপূর্বক নিশ্চিত হওয়া;

৪। কোন ব্যক্তির নামের আগে বা পরে কোন পেশা, খেতাব, পদবি, অর্জিত শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি সংযুক্ত না করা;

৫। ভোটারযোগ্য ব্যক্তির বাংলা নামের ইংরেজি বানান যথাযথভাবে লিপিবদ্ধ করা;

৬। বাড়ি বাড়ি গমনের সময় ভোটারযোগ্য অনুপস্থিত ব্যক্তিদের তথ্যাদি অবশ্যই রেজিস্টারে লিপিবদ্ধ করা;

৭। নিবন্ধন কেন্দ্রে আসার জন্য নিবন্ধন স্লিপ (ফরম-৫) ফরম পূরণের সাথে সাথে প্রদান করা;

৮। সুপারভাইজার কর্তৃক তথ্যসংগ্রহকারীদের প্রতিদিনের তথ্য সংগ্রহের কাজ তদারকি ও নমুনা যাচাই করা;

৯। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারীর পূরণকৃত ফরমের কিছু অংশ দৈবচয়নের ভিত্তিতে বাড়ি বাড়ি গমম করে শুদ্ধতা যাচাই করা এবং কোন ভুল ধরা পড়লে তা শুদ্ধ করা;

১০। ভোটারযোগ্য মহিলাদের নিবন্ধনের বিষয়টি অবশ্যই নিশ্চিত করা অর্থাৎ কোন ক্রমেই ভোটারযোগ্য কোন মহিলা বাদ না পড়েন তা তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার কর্তৃক নিশ্চিত করা;

১১। নিবন্ধন ফরম পূরণকারীদের নিবন্ধন কেন্দ্রে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করা;

১২। বিশেষ এলাকার জন্য তথ্য ফরম পূরণের ক্ষেত্রে বিশেষভাবে নজর দেয়া। বিশেষ তথ্য ফরম পূরণের সময় সংশ্লিষ্ট তথ্য যাচাই করে অন্তর্ভুক্ত করা হবে। বিশেষ এলাকাসমূহের জন্য তথ্য ফরম-২ এর সাথে বিশেষ তথ্য ফরমও পূরণ করা;

১৩। এক এলাকা হতে অন্য এলাকায় নাম স্থানান্তরের আবেদন সংশ্লিষ্ট কাগজপত্রসহ ভোটার কর্তৃক রেজিস্ট্রেশন অফিসারের নিকট দাখিল করা;

১৪। মৃত ভোটারের নাম কর্তনের জন্য ফরম-১২এ তথ্য সংগ্রহকালে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা। কোনক্রমেই জীবিত ভোটারের নাম মৃত হিসেবে যেন তথ্য সংগ্রহ না করা হয় সেজন্য সতর্ক থাকতে হবে;

১৫। তথ্যসংগ্রহকারী ও সনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর সুস্পষ্টভাবে লিখতে হবে; এবং

১৬। কোন ক্রমেই যেন অপ্রাপ্ত বয়স্ক, রোহিঙ্গা এবং অবাঞ্ছিত ব্যক্তিদের তথ্য সংগৃহিত না হয় সেবিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।

২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২১|৪|১৯

(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

১। **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার.........................(সকল)**

২। **উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, .......................(সকল)**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,..................................................(সকল)
৪। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭। যুগ্মসচিব ও পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৮। যুগ্মসচিব ও পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১০। জেলা প্রশাসক, ......................(সকল)
১১। পুলিশ সুপার,........................(সকল)
১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,................................(সকল)
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, .........................................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৪। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। উপপরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬। উপজেলা নির্বাহী অফিসার,...................................(সকল)
১৭। মেয়র,................................পৌরসভা
১৮। কাউন্সিলর, ................সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,...................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৯। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মো: রফিকুল ইসলাম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে: জেনা: শাহাদাত হোসেন চৌধুরী (অব:) (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...........................(সংশ্লিষ্ট)

২১|৪|১৯

(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)